

২০২২

বাংলা

[অনার্স]

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

দ্বিতীয় সেমেস্টার

কোর্স কোড : BNG-H-GE-T-2

(জেনেরিক ইলেকটিভ)

[বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ):

গদ্যের বিকাশ, সাময়িক পত্র ও ভাষার ইতিহাস]

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

[A4 কাগজের ১০-১২ পৃষ্ঠার মধ্যে উত্তর লেখা বাঞ্ছনীয়।]

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ১০ = ২০$
- ক) 'কথোপকথন' ও 'তোতা ইতিহাস' গ্রন্থ দুটির লেখকের নাম লেখো।
- খ) সাল-সহ রামমোহন রায়ের একটি মৌলিক গ্রন্থের নাম উল্লেখ করো।
- গ) 'দুর্গেশনন্দিনী' উপন্যাসের দুটি চরিত্রের নাম লেখো।
- ঘ) মানিক বন্দ্যোপাধ্যায় রচিত দুটি ছোটগল্পের নাম উল্লেখ করো।

(পরের পাতায়)

- ঙ) একটি সাহিত্যিক মহাকাব্যের নাম লেখো। সেটি কে রচনা করেছেন?
- চ) 'ভোরের পাখি' সম্ভাষণ কে কাকে করেছিলেন?
- ছ) 'সবুজপত্র' পত্রিকার সম্পাদক কে? কত সালে প্রকাশিত হয়েছিল?
- জ) 'বঙ্গদর্শন' পত্রিকাতে প্রকাশিত দুটি রচনার উল্লেখ করো।
- ঝ) নাট্যকার মধুসূদন দত্তের দুটি পৌরাণিক নাটকের নাম লেখো।
- ঞ) দীনবন্ধু মিত্রের প্রথম নাটকটির নাম প্রকাশকালসহ উল্লেখ করো।
- ট) প্রাচীন বাংলা ভাষার বিস্তার আনুমানিক কত খ্রিস্টাব্দ থেকে কত খ্রিস্টাব্দ পর্যন্ত?
- ঠ) আদিমধ্য বাংলা ভাষার একটি সাহিত্যিক নিদর্শন লেখকের নামসহ উল্লেখ করো।
- ড) বাংলা ভাষার শব্দভাণ্ডারকে উৎসগত বিচারে যে তিনটি শ্রেণীতে ভাগ করা যায় সেগুলি কী কী?
- ঢ) ধ্বনি পরিবর্তনের একটি কারণ লেখো।
- ণ) অপিনিহিতি কাকে বলে?

- ২। 'ক' বিভাগ থেকে যে-কোনো তিনটি এবং 'খ' বিভাগ থেকে যে-কোনো একটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

বিভাগ-ক

- ক) যুগসন্ধির কবি কাকে বলা হয়? কেন বলা হয়?
- খ) বাংলা সাহিত্যে 'সবুজপত্র' নামক পত্রিকার ভূমিকা সংক্ষেপে লেখো।

গ) গিরিশচন্দ্র ঘোষের সামাজিক নাটক অবলম্বনে তাঁর নাট্য প্রতিভার পরিচয় দাও।

ঘ) টীকা লেখো (যে কোনো দুটি) :

(১) সারদামঙ্গল (২) কৃষ্ণকান্তের উইল (৩) বিদ্যাসাগর (৪) সংবাদ প্রভাকর।

খ-বিভাগ

ঙ) বরেন্দ্রী উপভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো।

চ) টীকা লেখো (যে কোনো দুটি) :

(১) তৎসম (২) তদ্ভব (৩) অভিশ্রুতি (৪) স্বরসঙ্গতি

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) বাংলা কাব্যসাহিত্যে কবি রবীন্দ্রনাথের ভূমিকা সংক্ষেপে লেখো।

খ) বাংলা সাহিত্যে ঔপন্যাসিক বঙ্কিমচন্দ্রের কৃতিত্ব বুঝিয়ে দাও।

গ) প্রহসন রচনায় নাট্যকার দীনবন্ধু মিত্রের কৃতিত্ব আলোচনা করো।

ঘ) বাংলা ভাষায় ধ্বনি পরিবর্তনের ধারাগুলি দৃষ্টান্তসহ বুঝিয়ে দাও।
